

বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থায় উপজেলা প্রশাসন একটি গুরুত্বপূর্ণ প্রশাসনিক ইউনিট। উপজেলা প্রশাসন কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি হিসেবে স্থানীয় পর্যায়ে সরকারের নীতিমালা বাস্তবায়ন করে থাকে। অনুরূপ, বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০, ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং রূপকল্প ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রশাসন, পলাশ, নরসিংদী সচেষ্ঠ। মহান মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে ইতোমধ্যে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরাল অত্র উপজেলা পরিষদ চত্বরের মূল ফটকের পাশে স্থাপিত হয়েছে। উপজেলা পরিষদের অভ্যন্তরে শিশুদের বিনোদনের জন্য স্থাপন করা হয়েছে ‘দুরন্ত’ নামে বিনোদন পার্ক, স্থাপন করা হয়েছে ‘উদ্যম’ নামক ব্যাডমিন্টন প্লে গ্রাউন্ড। পলাশ উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের গর্বিত বীরত্বগীথা ও অবদান জাতির সামনে উপস্থাপনের জন্য উপজেলা প্রশাসনের পক্ষ হতে প্রকাশিত হয়েছে ‘পলাশের সূর্যসন্তান’ শীর্ষক গ্রন্থ। ইতোমধ্যে পলাশ উপজেলার সকল ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসিত করার মাধ্যমে পলাশ উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত ঘোষণা করা হয়েছে। স্মার্ট পলাশ বিনির্মাণে কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রতিটি গ্রামকে স্মার্ট গ্রাম এবং স্কুলগুলোকে স্মার্ট স্কুলে রূপান্তরের প্রাথমিক কাজ শুরু হয়েছে। প্রতিটি স্কুলে ল্যাঞ্চেজ ক্লাব স্থাপন করা এবং এবং ক্লাব কার্যক্রম নিয়মিত তদারকি করা হচ্ছে। প্রথমবারের মতো একসাথে স্কাউটস সমাবেশ ও কাব ক্যাম্পের আয়োজন করা হয়েছে। এই প্রথম প্রত্যেক স্কুল কর্তৃক ম্যাগাজিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রতিটি ইউনিয়ন পরিষদ হতে নাগরিক সেবাসমূহ যেন অধিকতর সহজভাবে প্রদান করা যায় সে লক্ষ্যে ইউনিয়ন পরিষদসমূহকে স্মার্ট পরিষদে রূপান্তরের কাজ শুরু হয়েছে। হাটবাজার এবং শিল্পকারখানায় অগ্নিনির্বাপন ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে একাধিক পয়েন্টে পানির উৎস স্থাপন, ফায়ার এক্সটিংগুইসার সংরক্ষণ এবং সিসিটিভি ক্যামেরায় মনিটরিং কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ‘এক ইঞ্চি জমিও অনাবাদি রাখা যাবে না’ মাননীয় প্রধানমন্ত্রীর উক্ত ঘোষণা বাস্তবায়ন এবং ‘গ্রিন পলাশ’ বিনির্মাণের লক্ষ্যে ‘একটি শিশু একটি গাছ, প্রাণপ্রাচুর্যের পলাশ’ প্রতিপাদ্যে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্রছাত্রীদের মাঝে ফলদ ও ভেষজ গাছের চারা বিনামূল্যে বিতরণ করা হয়েছে। এছাড়াও অত্র উপজেলার অনাবাদী ৭০ হেক্টর জমিকে আবাদের আওতায় আনার লক্ষ্যে শীতলক্ষ্যা নদীর পাড়ের অনাবাদী জমিসহ মোট ৫৯ হেক্টর জমি আবাদের আওতায় আনা হয়েছে। অংশীজন সভা, মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে চিহ্নিত মাদক জোন এবং মাদকের সাপ্লাই চেইন ভেঙে দেওয়া হয়েছে। বাল্যবিবাহ নিরোধে বিভিন্নস্কুল ও মাদ্রাসায় ‘উঠান বৈঠক’ এর আয়োজন করা হচ্ছে। এছাড়াও, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ‘Know Your Potential’ শিরোনামে প্রতিটি স্কুলে একটি করে সেশন পরিচালিত হচ্ছে যেখানে ছাত্রছাত্রীদের স্মার্ট সিটিজেন হিসেবে গড়ে উঠতে অনুপ্রেরণা প্রদান, নিজের সক্ষমতা সম্পর্কে সচেতন করা এবং ইউওনও এর দাপ্তরিক মোবাইল নম্বর বিনিময়ের মাধ্যমে ছাত্রছাত্রীদের মাদক, বাল্যবিবাহ নিরোধ, ইভটিজিং প্রতিরোধ কার্যক্রমে অংশীদার করা হচ্ছে। নিয়মিত এবং আকস্মিক পরিদর্শনের ফলে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম বেগবান হচ্ছে। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে পলাশ উপজেলাকে স্মার্ট পলাশ উপজেলা হিসেবে বিনির্মাণ করা হবে।

উপজেলা নির্বাহী অফিসার  
পলাশ, নরসিংদী